



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।

(নির্মাণ বিভাগ)

স্মারক নং- ১২.২৫৫.০০৭.০৫.০৬.৩০০.২০১৭-১৮-৬৩০

তারিখ ২৪/৩/২৩

বরাবর,
জনসংযোগ কর্মকর্তা
বিএডিসি, কৃষিভবন
ঢাকা।

বিষয়ঃ ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি নবায়ন ও নতুন তালিকাভুক্তি এর বিজ্ঞপ্তি প্রকাশনা প্রসঙ্গে।

পিপিআর-২০০৮ এর আলোকে ২০১৯-২০ অর্থ বছরের জন্য বিদ্যমান ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন ও নতুন প্রতিষ্ঠান তালিকাভুক্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায় বিষয়টি আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার নিমিত্ত প্রণীত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে একটি করে জাতীয় বাংলা ও ইংরেজী দৈনিকে প্রকাশের জন্য ১০ (দশ) কপি বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশনার খরচ প্রশাসনিক কর্মসূচীর বাজেটের খাত হতে পরিশোধযোগ্য হবে।

সংযুক্তঃ- ১০ (দশ) কপি বিজ্ঞপ্তি।

মোঃ ফেরদৌসুর রহমান
প্রধান প্রকৌশলী (নির্মাণ)
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
স্বাক্ষর
২৪/৩/২৩

জ্ঞাতার্থে বিজ্ঞপ্তিসহ পত্রের অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (স্কুদ্রসেচ/সওকা), বিএডিসি, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (অর্থ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
- ৩। প্রধান মনিটরিং, আইসিটি সেল, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী (নির্মাণ/স্কুদ্রসেচ/সওকা), বিএডিসি,রিজিয়ন,
- ৫। সদস্য পরিচালক (স্কুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ৭। সহকারী মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কৃষি ভবন শাখা, ৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৮। অত্র দপ্তর নোটিশ বোর্ড।
- ৯। অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।

(নির্মাণ বিভাগ)

স্মারক নং- ১২.২৫৫.০০৭.০৫.০৬.৩০০.২০১৭-১৮-৫১৩০

তারিখ ২৪/১১/১৯

২০১৯-২০ অর্থ বছরের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি নবায়ন ও নতুন তালিকাভুক্তির ফি জমা প্রদান সংক্রান্ত

নির্মাণ বিভাগে ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন ও নতুন তালিকাভুক্তির জন্য প্রধান প্রকৌশলী (নির্মাণ) দপ্তরের বিজ্ঞপ্তি নং-১২.২৫৫.০০৭.০৫.০৬.৩০০.২০১৭-১৪২ তারিখ ১০/০৭/২০১৯ এর বিপরীতে প্রাপ্ত আবেদনসমূহের ওপর এতদসংক্রান্ত কমিটি সিদ্ধান্ত প্রদান করেছেন। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সুপারিশকৃত আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে নিজ উদ্যোগে বিএডিসি'র নির্মাণ বিভাগে যোগাযোগ করে নবায়ন/নতুন তালিকাভুক্তির লাইসেন্স গ্রহণের জন্য নিম্নবর্ণিত তথ্যাদি দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে।

নতুন তালিকাভুক্তির ক্ষেত্রেঃ

- নতুন তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- টাকার পে-অর্ডার
- বি.আই.এন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- নির্ধারিত ভ্যাট নির্মাণ বিভাগে নগদ জমা প্রদান

তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রেঃ

- নবায়ন তালিকাভুক্তি ফি বাবদ ২,০০০/- টাকার পে-অর্ডার ও প্রযোজ্য ক্ষেত্রে জরিমানা
- বি.আই.এন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- নির্ধারিত ভ্যাট নির্মাণ বিভাগে নগদ জমা প্রদান

উভয়ক্ষেত্রে পে-অর্ডার ঢাকা মেট্রোপলিটন সিটিতে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে 'বিএডিসি এস.টি.ডি হিসাব নং ৩৬০০০৯৬১, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা' এর অনুকূলে হবে ও পে-অর্ডার নগদায়নের পর তা কার্যকর বিবেচিত হবে।

উল্লেখ্য যে, ৩১/০৩/২০২০ তারিখ পর্যন্ত বিনা জরিমানায় এবং ০১/০৪/২০২০ হতে ৩১/০৫/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারিত জরিমানাসহ নবায়ন/নতুন তালিকাভুক্তিকরণ করা যাবে।



মোঃ ফেরদৌসুর রহমান
প্রধান প্রকৌশলী (নির্মাণ)
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২৪/১১/১৯